

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪১৭৮

পর্ব ২১: খাদ্য (كتاب الأَطْعَمَة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «طَعَامُ الْوَاحِدِ يَكْفِي الْاِثْنَيْنِ وَطَعَامُ الْاِثْنَيْنِ يَكْفِي الْاَرْبَعَةَ وَطَعَامُ الْاَرْبَعَةِ يَكْفِي الثَّمَانِيَةَ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪১৭৮-[২০] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, একজনের খাবার দু'জনের জন্য যথেষ্ট, দু'জনের খাবার চারজনের জন্য যথেষ্ট এবং চারজনের খাবার আটজনের জন্য যথেষ্ট। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : সহীহ মুসলিম (২০৫৯)-১৭৯, বুখারী ৫৩৯২ নং হাদীসের অধ্যায়, সহীহ ইবনু হিব্বান ৫২৩৭, মুসনাদে আহমাদ ৯২৭৭, তিরমিযী ১৮২০, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬৮৬, ইবনু মাজাহ ৩২৫৪, সহীহুল জামি' ৩৯১০, মুসান্নাফ আবদুর রায্যাক ১৯৫৫৭, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ্ ২৪৫৫১, আল মু'জামুল কাবীর লিহু ত্ববারানী ৬৮১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (طَعَامُ الْوَاحِدِ يَكْفِي الْاِثْنَيْنِ) “একজনের খাবার দু'জনের জন্য যথেষ্ট”। শারহুস্ সুন্নাহ্ প্রণেতা এর ব্যাখ্যায় ইসহাক ইবনু রহ্ওয়াহ্ সূত্রে জারীর থেকে বর্ণনা করেন যে, এর অর্থ হলো যে খাবার একজনে পেটপুরে খেতে পারে, ঐ খাবার দু'জনের বেঁচে থাকার জন্য যথেষ্ট। ইমামা নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ অত্র হাদীসে অন্যের প্রতি খাদ্যের ব্যাপারে সমব্যথি হতে উৎসাহ প্রদান করা হয়েছে। খাদ্যের পরিমাণ অল্প হলেও তা দ্বারা বেঁচে থাকার প্রয়োজন পূর্ণ হয় এবং এতে বারাকাতও অর্জিত হয়। (মিরকাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৫৯/১৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74901>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন